তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বহিরাগতরা হলে থাকতে পারবে না ॥ শিক্ষার্থীদের পরিচয়পত্র লাগবে

................ ঢাঃ বিঃ কর্তৃপক্ষ

কোন বহিরাগত অছাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলে অবস্থান করতে পারবে না। বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীকে তাদের পরিচয়পত্র বহন করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আনোয়ার

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## বহিরাগতরা হলে

(প্রথম পৃষ্ঠার পর)

উল্লাহ চৌধুরী স্বাক্ষরিত বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এই নির্দেশ প্রদান করা হয়েছে। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ছাত্র-ছাত্রী পরিচয়ে যাতে কোন বহিরাগত সন্ত্রাসী ও মাস্তান বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করে অরাজক পরিস্থিতি সৃষ্টি না করতে পারে তার জন্য আইন-শৃংখলারক্ষাকারী বাহিনীকেও অনুরোধ জানান হয়েছে। প্রয়োজনে আইন-শৃংখলারক্ষাকারী বাহিনী ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র দেখতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এইমর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করে যে, সম্প্রতি শামসুননাহার হলে সংঘটিত দুঃখজনক ঘটনার সাথে যারাই সম্পৃক্ত থেকে থাকুন না কেন, তাদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।